



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, সিলেট

এবং

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

সূচিপত্র

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৫
সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৮
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১৪
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১৫
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৬
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ	১৭

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Regional/Zonal Office)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

প্রতি বছর ১ জানুয়ারি উৎসব মুখর পরিবেশে জাতীয় পাঠ্যপুস্তক দিবস পালন। গত ৩ বছরে সিলেট অঞ্চলের শিক্ষার্থীদের মধ্যে ৪ কোটি ৫০ লক্ষ ১১ হাজার ৫৬৫ পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। অত্র অঞ্চলের প্রায় ১৯৯০৯ জন শিক্ষক ও প্রতিষ্ঠান প্রধানকে সৃজনশীল, পিবিএম, টিসিজি, হাতে কলমে বিজ্ঞান ও কারিকুলাম বিস্তরণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৪৬০ জন শিক্ষার্থীর মধ্যে তফসিলি উপবৃত্তি প্রদান করা হয়েছে। জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির ক্রীড়া কার্যক্রম সফলভাবে পরিচালনা করা হয়েছে। অত্র অঞ্চলের ৩ বছরে অঞ্চলাধীন ৪ টি জেলা ও ৪০ টি উপজেলা কার্যালয়সহ ১১৫৯ টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় সকল প্রতিষ্ঠান পরিদর্শনের আওতায় আনা হয়েছে। ৫৯ টি ICT Learning Center (ILC) ল্যাবের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ই-লার্নিং মডিউলের দ্বারা পাঠদান কার্যক্রম পরিচালনা করা হচ্ছে এবং ০৪ টি নতুন ICT Learning Center (ILC) ল্যাব স্থাপনের কার্যক্রম ইতিমধ্যে চলমান আছে। শ্রম বাজারের চাহিদার সাথে সামঞ্জস্য রেখে দক্ষ জনশক্তি তৈরীর লক্ষ্যে অত্র অঞ্চলের ৪২ টি শিক্ষা প্রতিষ্ঠানে ইতিমধ্যে Vocational ও Pre Vocational শিক্ষা কার্যক্রম চালু করা হয়েছে। শিক্ষার্থীদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে প্রতিষ্ঠানসমূহে ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রম চালু রয়েছে। IMS ডাটা হালনাগাদ করার মাধ্যমে ১০৭২ টি শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক চিত্র অবলোকন এবং ISAS বাস্তবায়নের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মান নির্ধারণ করা হচ্ছে। সিলেট বিভাগে ৭টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় সিলেট মহানগরীর দক্ষিণ সুরমা হয়েছে। সরকারি হাই স্কুলটির নতুন শিক্ষার্থী ভর্তি সহ ২০২০ শিক্ষাবর্ষ হতে একাডেমিক কার্যক্রম চালু করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

বর্তমানে চলমান বিশ্বমহামারী করোনা পরিস্থিতিতে “আমার ঘরে আমার স্কুল” এর পাশাপাশি জেলা/ উপজেলা পর্যায়ে Online School স্কুল চালু করা। সেবার মান বৃদ্ধির মাধ্যমে সেবা সহজীকরণ, On line I E-filing ব্যবস্থাপনায় সেবাদাতা ও সেবা গ্রহীতার সম্পর্ক দূরীকরণ। সেবাকে সত্যিকার অর্থেই জনগণের দোড় গোড়ায় পৌঁছে দেয়া। দক্ষ ও যোগ্যতাসম্পন্ন পর্যাপ্ত শিক্ষকদের অভাব রয়েছে। প্রশিক্ষণ, পদোন্নতি ও প্রদোদনার মাধ্যমে শিক্ষকদের পেশাদারিত্ব ও যোগ্যতা বৃদ্ধি, শিক্ষক কর্মচারীদের শূন্য পদ পূরণ ও পদোন্নতি সহজীকরণের মাধ্যমে দ্রুত পদোন্নতির ব্যবস্থা গ্রহণ করা। অবকাঠামো স্বল্পতা দূরীকরণে চেষ্টা করা। আইসিটি ল্যাব প্রতিষ্ঠা ও কম্পিউটার সামগ্রী বিতরণ করা, শিক্ষা উপকরণ সরবরাহ ও ইন্টারনেট কানেকশন সহজীকরণ করা। সহঃশিক্ষা কার্যক্রমসহ বিভিন্ন সৃজনশীল ও প্রতিযোগিতা আয়োজন করা, বিজ্ঞানের উপকরণ বৃদ্ধি ও বিজ্ঞান শিক্ষার্থীদের আকৃষ্ট করার জন্য বিশেষ পদক্ষেপ গ্রহণ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

উন্নত বাংলাদেশের স্বপ্ন ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে শিক্ষার গুণগত মান উন্নয়নের জন্য শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা, যোগ্যতা বৃদ্ধি ও হালনাগাদ ডাটা বেজ (PDS) আপডেট করা। ইন হাউস ট্রেনিং ও প্রতিষ্ঠান প্রধান, বিষয় ভিত্তিক শিক্ষক, ম্যানেজিং কমিটি ও উপজেলা, জেলা ও বিভাগের কর্মকর্তাদের সম্পৃক্ততা বৃদ্ধি করা। শিক্ষার অগ্রাধিকারভিত্তিক সমস্যা চিহ্নিতকরণ ও বাস্তবায়ন। গ্রাম ও শহরের মধ্যে শিক্ষা ক্ষেত্রে বৈষম্য দূরীকরণের জন্য বিশেষ পদক্ষেপ। অন লাইন এমপিও সহজীকরণ ও অনলাইন সেবা প্রদানসহ Stake holder দের মধ্যে সমন্বয় সাধন করা। ডিজিটাল কন্টেন্ট তৈরীতে শিক্ষকদের মাঝে বিষয় ভিত্তিক টিম গঠন ও উপজেলা পর্যায়ে আন্তঃশিক্ষা প্রতিষ্ঠানে বিনিময় করা। সরকার গৃহিত বিভিন্ন প্রকল্পের কার্যক্রমের সফল বাস্তবায়ন করা।

২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- সিলেট বিভাগের ২০২৪-২৫ অর্থবছরে ৪৩,২২,০৬০ টি বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হবে।
- ডিজিটাল কন্টেন্ট তৈরির মাধ্যমে স্বার্থক পাঠদান ও মাল্টিমিডিয়া ভিত্তিক ক্লাস সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে বাৎসরিক ১০ টি প্রতিবেদন প্রেরণ করা।
- শিক্ষা প্রতিষ্ঠান একাডেমিক মনিটরিং বৃদ্ধির লক্ষ্যে বাৎসরিক ৫০৫ টি প্রতিষ্ঠান পরিদর্শনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।
- শিক্ষক বাতায়নে মাধ্যমিক পর্যায়ের শিক্ষকদের সদস্য সংখ্যা ৯৫% এ উন্নীতকরণ করা।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, সিলেট

এবং

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর-এর মধ্যে ২০২৪ সালের মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

যুগোপযোগী, মানসম্মত ও বিশ্বমানের শিক্ষা

১.২ অভিলক্ষ্য (Mission)

প্রযুক্তি ও নৈতিক শিক্ষার প্রসারের মাধ্যমে প্রযুক্তিজ্ঞান সম্পন্ন এবং মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ মানবীয় গুণাবলী সম্পন্ন দক্ষ জনশক্তি তৈরি করা।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. শিক্ষার গুণগত মানোন্নয়ন
২. শিক্ষা প্রশাসনের সক্ষমতা, স্বচ্ছতা এবং দক্ষতা বৃদ্ধি ও কার্যকর মনিটরিং
৩. শিক্ষার সকল স্তরে সমতা ও মান নিশ্চিতকরণ এবং শিক্ষা প্রতিষ্ঠানের পরিবেশ উন্নয়ন।
৪. শিক্ষার্থীদেরকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ করা।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. অত্র অঞ্চলের মাধ্যমিক পর্যায়ে জেলা ও উপজেলার প্রতিষ্ঠান ও অফিসে কর্মরত কর্মকর্তা, শিক্ষক ও কর্মচারীদের পিআরএল/ পেনশন/ ছুটি/ জিপিএফ অগ্রীম ঋণ এবং অন্যান্য কাগজপত্রাদি মহাপরিচালক, মাউশি মহোদয়ের দপ্তরে প্রেরণ।
২. সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক/কর্মচারীদের ছুটি, বদলী, পেনশন ও অন্যান্য কার্যাদি নিষ্পত্তিকরণ ও উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণ।
৩. বেসরকারি শিক্ষক/কর্মচারীদের অনলাইনের মাধ্যমে এমপিও বাচাইকরণ ও চূড়ান্ত তালিকা উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ।
৪. বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির খেলাধুলা কার্যক্রম পরিচালনা, সৃজনশীল মেধা অন্বেষণ ও সরকার গৃহিত বিভিন্ন প্রতিযোগিতা পরিচালনা ও বাস্তবায়ন।
৫. শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক ও প্রশাসনিক পরিদর্শন, রিপোর্টিং ও সমন্বয় সাধন এবং মানোন্নয়ন।
৬. তফসিলি উপবৃত্তি প্রদান।
৭. জাতীয় ও আন্তর্জাতিক দিবসমূহ যথাযথ মর্যাদার সাথে পালন।
৮. প্রশাসনসহ সরকারি বিভিন্ন বিভাগের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন।
৯. সময়ে সময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশিত সকল কার্যক্রম বাস্তবায়ন।

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা ২০২৪-২৫	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাঙ্গসূত্র
						২০২৫-২০২৬	২০২৬-২০২৭		
এমপিও কার্যক্রমের মাধ্যমে বেতন ভাতা নিশ্চিতকরণ ও শিক্ষকদের মান বৃদ্ধি	এমপিও সংশ্লিষ্ট আবেদন নিষ্পত্তির হার	শতকরা	৯৬	৯৭	৯৭	৯৮	৯৯	আঞ্চলিক অফিস, জেলা, উপজেলা অফিস ও আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ	ইআইএমএস সেল
মনিটরিং এর সংখ্যা বৃদ্ধির মাধ্যমে শিক্ষার মান বৃদ্ধি পাবে	একাডেমিক কার্যক্রম ও উপস্থিতি নিশ্চিতকরণ	সংখ্যা	২৮৫	৪৮০	৫০০	৫১০	৫১৫	আঞ্চলিক অফিস, জেলা, উপজেলা অফিস	PDW & MEW তে প্রেরিত প্রতিবেদন
PBM ও ISAS এর মাসিক প্রতিবেদনের ফলে প্রতিষ্ঠানের মান বৃদ্ধি ও ক্যাটাগরি নির্ধারণ	জেলা শিক্ষা অফিস কর্তৃক প্রদানকৃত	সংখ্যা	৯	১২	১২	১২	১২	জেলা, উপজেলা অফিস ও আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ	PDW & MEW তে প্রেরিত প্রতিবেদন
পিআরএল নিষ্পত্তির মাধ্যমে অবসরগামীদের প্রাপ্য আর্থিক সুবিধা নিশ্চিতকরণ	অধিন্ত কর্মকর্তা/ শিক্ষক/ কর্মচারীদের আবেদন	শতকরা	১০০	১০০	১০০	১০০	১০০	আঞ্চলিক অফিস	আঞ্চলিক অফিসের নথিপত্র
মাল্টিমিডিয়া ক্লাস গ্রহণের মাধ্যমে আকর্ষণীয় পাঠদান ও মানবৃদ্ধি	মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস গ্রহণের মাসিক প্রতিবেদন প্রেরণ	সংখ্যা	৯	১২	১২	১২	১২	জেলা, উপজেলা অফিস ও আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ	অনলাইন সফটওয়্যার
শিক্ষার্থী বারে পড়া হ্রাস	বিনামূল্যের পাঠ্যপুস্তক প্রদান	সংখ্যা (লক্ষ)	১৫৭	১৫৭	১৫৮	১৫৮	১৫৯	আঞ্চলিক অফিস, জেলা, উপজেলা অফিস ও আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ	জেলা শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
	প্রাপ্ত কোটা অনুসারে ক্যাটাগরি ভিত্তিক তফসিলি উপবৃত্তি মঞ্জুরি	সংখ্যা	২২৮	৪৬০	৪৭০	৪৮৫	৪৯০	মাউশি ও আঞ্চলিক অফিস	অঞ্চলিক অফিসের উপবৃত্তি সংক্রান্ত নথিপত্র
	স্বার্থক পাঠদান নিশ্চিত করণে প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক	সংখ্যা	২৫০০	৩৫০০	৪০০০	৪২০০	৪৩০০	মাউশি, আঞ্চলিক অফিস, জেলা ও উপজেলা অফিস এবং আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ	জেলা, উপজেলা এবং আঞ্চলিক অফিসের প্রশিক্ষণ সংক্রান্ত নথি
প্রতিষ্ঠানে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন ও রক্ষণাবেক্ষণ	বাস্তবায়নকারী প্রতিষ্ঠান	সংখ্যা	৫২২	৫২২	৬২০	৬৩০	৬৫০	আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ	জেলা শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস হতে প্রাপ্ত প্রতিবেদন

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা ২০২৪-২৫	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাঙ্গসূত্র
						২০২৫-২০২৬	২০২৬-২০২৭		
প্রতিষ্ঠানের পরিবেশ উন্নয়নে কর্মসূচি (স্বাস্থ্যসম্মত টয়লেট, সুপেয় পানি ও কোভিডকালীন শিক্ষা প্রতিষ্ঠান প্রস্তুতকরণ)।	কর্মসূচি বাস্তবায়নকারী প্রতিষ্ঠান	সংখ্যা	৪৩২	৩৬৯	৫০০	৫২০	৫৫০	আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ	জেলা শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস হতে প্রাপ্ত প্রতিবেদন

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] শিক্ষার গুণগত মানোন্নয়ন	২৫	[১.১] এমপিও সংশ্লিষ্ট আবেদন নিষ্পত্তি	[১.১.১] নিষ্পত্তিকৃত আবেদন।	সমষ্টি	শতকরা	৫	৯৬	৯৭	৯৭	৯৫	৯২	৮৮	৮৫	৯৮	৯৯
		[১.২] ছাত্র-ছাত্রীদের মধ্যে জানুয়ারীর ১ তারিখে বই বিতরণ এবং পাঠ্যপুস্তক দিবস পালন	[১.২.১] বিনামূল্যে বিতরণকৃত পাঠ্যপুস্তক।	সমষ্টি	সংখ্যা (লক্ষ)	৫	১৫৭	১৪৪	১৪৮	১৪৪	১৪২	১৪০	১৩৮	১৪৫	১৪৬
		[১.৩] মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাশ গ্রহণের মাসিক প্রতিবেদন প্রেরণ	[১.৩.১] প্রেরিত বাৎসরিক প্রতিবেদন।	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৫	৯	৯	১০	০৯	০৮	০৭	০৬	১১	১২
		[১.৪] বিদ্যালয়ের কৃতি ভিত্তিক ব্যবস্থাপনা পদ্ধতি (P.B.M.) পদ্ধতির প্রবর্তন ও ISAS এর মাসিক প্রতিবেদন প্রেরণ	[১.৪.১] প্রেরিত বাৎসরিক প্রতিবেদন।	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৪	৯	৯	১২	১১	১০	৯	৮	১২	১২
		[১.৫] ILC, BCC ও SESIP ল্যাবসমূহ মনিটরিং	[১.৫.১] মনিটরিংকৃত প্রতিষ্ঠান।	সমষ্টি	সংখ্যা	৩	৫১	৯৫	১০৫	৯৮	৯৫	৯০	৮৫	১১০	১১৫
		[১.৬] শিক্ষক প্রশিক্ষণ	[১.৬.১] অংশগ্রহণকারী শিক্ষক	সমষ্টি	সংখ্যা	৩	৪০০	৪৩০	৫০০	৪৮০	৪৭০	৪৬০	৪৫০	৫২০	৫৪০

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[২] শিক্ষা প্রশাসনের সক্ষমতা, স্বচ্ছতা এবং দক্ষতা বৃদ্ধি ও কার্যকর মনিটরিং	২৫	[২.১] শিক্ষা প্রতিষ্ঠান / শিক্ষা অফিস পরিদর্শন	[২.১.১] পরিদর্শনকৃত শিক্ষা প্রতিষ্ঠান।	সমষ্টি	সংখ্যা	৬	৩৩৭	৩১০	৩৪০	৩৩০	৩২৫	৩২০	৩১০	৩৫০	৩৬০
			[২.১.২] পরিদর্শনকৃত জেলা/ উপজেলা শিক্ষা অফিস।	সমষ্টি	সংখ্যা	৪	১২	১৪	১৫	১২	১০	০৮	০৬	১৬	১৮
			[২.১.৩] আয়োজনকৃত সভা।	সমষ্টি	সংখ্যা	৪	৪	৬	১০	৯	৬	৩	২	১২	১২
		[২.২] অধীনস্থ শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের পেনশন, পিআরএল-এর আবেদন নিষ্পত্তির হার।	[২.২.১] নিষ্পত্তিকৃত।	সমষ্টি	শতকরা	৭	১০০	১০০	১০০	৯০	৮০	৭০	৬০	১০০	১০০
		[২.৩] শিক্ষক বাতায়নে শিক্ষকদের অন্তর্ভুক্তকরণ	[২.৩.১] শিক্ষকদের অন্তর্ভুক্তকরণ	সমষ্টি	শতকরা	৪	৭০	৮০	৯০	৮৮	৭৮	৬৫	৬৪	৯২	৯৫
[৩] শিক্ষার সকল স্তরে সমতা ও মান নিশ্চিতকরণ এবং শিক্ষা প্রতিষ্ঠানের পরিবেশ উন্নয়ন।	১০	[৩.১] ষষ্ঠ-স্নাতকোত্তর শ্রেণি পর্যন্ত তফসীলী বৃত্তি উপবৃত্তি প্রদান।	[৩.১.১] শিক্ষার্থীদের আবেদন যাচাই বাছাই ও মনোনয়ন।	সমষ্টি	সংখ্যা	৫	৩৩৭	৪৭০	৫২০	৫০০	৪৮৫	৩৭০	৩৫০	৫৩০	৫৪০
		[৩.২] প্রতিষ্ঠানের পরিবেশ উন্নয়নে কর্মসূচি (স্বাস্থ্যসম্মত টয়লেট, সুপেয় পানি ও কোভিডকালীন শিক্ষা প্রতিষ্ঠান প্রস্তুতকরণ)।	[৩.২.১] কর্মসূচি বাস্তবায়নকারী প্রতিষ্ঠান	সমষ্টি	সংখ্যা	৫	৪৩২	৩৬৯	৫০০	৪৫০	৪০০	৩৫০	৩০০	৫৫০	৬০০

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[৪] শিক্ষার্থীদেরকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ করা।	১০	[৪.১] প্রতিষ্ঠানে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন ও রক্ষণাবেক্ষণ	[৪.১.১] বাস্তবায়নকারী প্রতিষ্ঠান	সমষ্টি	সংখ্যা	১০	৪৩০	৪২০	৬২০	৬১০	৬০০	৫৯০	৫৮০	৬৪০	৬৫০

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন*	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই- গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, সিলেট, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর হিসাবে আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, সিলেট-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.....
আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক পরিচালকের কার্যালয়, সিলেট

.....
তারিখ

.....
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

.....
তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	BANBIES	Bangladesh Bureau of Educational Information & Statistics
২	BISE	Board of Intermediate & Secondary Education
৩	CA	Continuous Assessment
৪	CQ	Creative Question
৫	DSHE	Directorate of Secondary and Higher Education
৬	IMS	Institute Management Summery
৭	ISAS	Institutional Self Assessment Summery
৮	MOE	Ministry of Education.
৯	NAEM	National Academy for Educational Management
১০	NCTB	National Curriculum Text Book Board
১১	PBM	Performance Based Management
১২	SESIP	Secondary Education Sector Investment Program

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] এমপিও সংশ্লিষ্ট আবেদন নিষ্পত্তি	[১.১.১] নিষ্পত্তিকৃত আবেদন।	মাউশি, সিলেট	অগ্রায়ণপত্র, ইএমআইএস থেকে প্রাপ্ত
[১.২] ছাত্র-ছাত্রীদের মধ্যে জানুয়ারীর ১ তারিখে বই বিতরণ এবং পাঠ্যপুস্তক দিবস পালন	[১.২.১] বিনামূল্যে বিতরণকৃত পাঠ্যপুস্তক।	প্রতিষ্ঠান প্রধান	দিবস পালনের ছবি, অনলাইনে প্রদত্ত চাহিদা
[১.৩] মাল্টিমিডিয়ায় মাধ্যমে ক্লাশ গ্রহণের মাসিক প্রতিবেদন প্রেরণ	[১.৩.১] প্রেরিত বাৎসরিক প্রতিবেদন।	প্রতিষ্ঠান প্রধান	এমএমসি হতে প্রাপ্ত তথ্য
[১.৪] বিদ্যালয়ের কৃতি ভিত্তিক ব্যবস্থাপনা পদ্ধতি (P.B.M.) পদ্ধতির প্রবর্তন ও ISAS এর মাসিক প্রতিবেদন প্রেরণ	[১.৪.১] প্রেরিত বাৎসরিক প্রতিবেদন।	পরিদর্শনকারী কর্মকর্তা	জেলা হতে প্রাপ্ত প্রতিবেদন
[১.৫] ILC, BCC ও SESIP ল্যাবসমূহ মনিটরিং	[১.৫.১] মনিটরিংকৃত প্রতিষ্ঠান।	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	পরিদর্শন রিপোর্ট
[১.৬] শিক্ষক প্রশিক্ষণ	[১.৬.১] অংশগ্রহণকারী শিক্ষক	জেলা ও উপজেলা অফিস	প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের তালিকা
[২.১] শিক্ষা প্রতিষ্ঠান / শিক্ষা অফিস পরিদর্শন	[২.১.১] পরিদর্শনকৃত শিক্ষা প্রতিষ্ঠান।	পরিদর্শনকারী কর্মকর্তাগণ	পরিদর্শন প্রতিবেদন
	[২.১.২] পরিদর্শনকৃত জেলা/ উপজেলা শিক্ষা অফিস।	মাউশি, সিলেট	ভ্রমণ সূচি/ আদেশ
[২.১] শিক্ষা প্রতিষ্ঠান / শিক্ষা অফিস পরিদর্শন	[২.১.৩] আয়োজনকৃত সভা।	মাউশি, সিলেট	সভা আয়োজনের অফিস আদেশ ও স্থিরচিত্র
[২.২] অধীনস্থ শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের পেনশন, পিআরএল-এর আবেদন নিষ্পত্তির হার।	[২.২.১] নিষ্পত্তিকৃত।	মাউশি, সিলেট	অনুমোদনের অফিস আদেশ
[২.৩] শিক্ষক বাতায়নে শিক্ষকদের অন্তর্ভুক্তকরণ	[২.৩.১] শিক্ষকদের অন্তর্ভুক্তকরণ	শিক্ষা প্রতিষ্ঠান	শিক্ষক বাতায়নের ওয়েব সাইটে প্রাপ্ত তথ্য
[৩.১] ষষ্ঠ-স্নাতকোত্তর শ্রেণি পর্যন্ত তফসীলী বৃত্তি উপবৃত্তি প্রদান।	[৩.১.১] শিক্ষার্থীদের আবেদন যাচাই বাছাই ও মনোনয়ন।	মাউশি, ঢাকা	অনুমোদিত তালিকার অফিস আদেশ
[৩.২] প্রতিষ্ঠানের পরিবেশ উন্নয়নে কর্মসূচি (স্বাস্থ্যসম্মত টয়লেট, সুপেয় পানি ও কোভিডকালীন শিক্ষা প্রতিষ্ঠান প্রস্তুতকরণ)।	[৩.২.১] কর্মসূচি বাস্তবায়নকারী প্রতিষ্ঠান	শিক্ষা প্রতিষ্ঠানসমূহ	মাঠ পর্যায়ের দপ্তর হতে প্রাপ্ত তথ্য
[৪.১] প্রতিষ্ঠানে বজ্রবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন ও রক্ষণাবেক্ষণ	[৪.১.১] বাস্তবায়নকারী প্রতিষ্ঠান	শিক্ষা প্রতিষ্ঠানসমূহ	মাঠ পর্যায়ের দপ্তর হতে প্রাপ্ত তথ্য

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
ছাত্র-ছাত্রীদের মধ্যে জানুয়ারীর ১ তারিখে বই বিতরণ এবং পাঠ্যপুস্তক দিবস পালন	বিনামূল্যে বিতরণকৃত পাঠ্যপুস্তক।	জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড	উপজেলা ও জেলা অফিস হতে অনলাইনে চাহিদা সংগ্রহপূর্বক আঞ্চলিক অফিস কর্তৃক অনুমোদন।

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ